BCPS

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্
Bangladesh College of Physicians & Surgeons

বিসিপিএস নং-৭৭৬/২০২৬/২৬৭২৯    তারিখঃ ১৫-০৭-২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস) কাউন্সিলের ২১৮তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ফেলোশীপ প্রোগ্রামের আওতায় **বেসিক মেডিকেল সায়েন্সেস (এনাটমি, ফিজিওলজি ও বায়োকেমিস্ট্রি) ও প্যারা-ক্লিনিক্যাল (প্যাথলজি, মাইক্রোবায়োলজি, ফার্মাকোলজি, ফরেনসিক মেডিসিন ও কমিউনিটি মেডিসিন) এবং ফ্যামিলি মেডিসিন ও ট্রান্সফিউশন মেডিসিন** বিষয়সমূহের অধ্যাপক বা সহযোগী অধ্যাপকগণ এবং **সকল বিষয়ের (ক্লিনিক্যাল, প্যারা-ক্লিনিক্যাল ও বেসিক মেডিকেল সায়েন্সেস) সহকারী অধ্যাপকগণের** থিসিস/ডিজারটেশন-এর গাইড ও কো-গাইড মনোনয়ন সংক্রান্ত নিম্নোক্ত হালনাগাদকৃত নীতিমালা সভায় অনুমোদিত হয়ঃ

১) কলেজের ফেলোশীপ প্রোগ্রামের আওতায় বেসিক মেডিকেল সায়েন্সেস ও প্যারা-ক্লিনিক্যাল বিষয়সমূহের জন্য অধ্যাপক বা সহযোগী অধ্যাপক পর্যায়ের এফসিপিএস, এমডি, এমফিল ও এমপিএইচ ডিগ্রিধারীগণ গাইড ও কো-গাইড হতে পারবেন;

২) কলেজের ফেলোশীপ প্রোগ্রামের আওতায় যে সকল বেসিক মেডিকেল সায়েন্সেস, প্যারা-ক্লিনিক্যাল **এবং** ফ্যামিলি মেডিসিন ও ট্রান্সফিউশন মেডিসিন বিষয়সমূহে পর্যাপ্ত সংখ্যক ফেলোশীপ বা সমমানের ডিগ্রীধারী নেই, সে সকল সংশ্লিষ্ট বিষয়ের অধ্যাপক বা সহযোগী অধ্যাপক পর্যায়ের ডিপ্লোমাধারীগণ গাইড ও কো-গাইড হতে পারবেন;

উল্লেখ্য যে, ডিপ্লোমাধারীগণ-কে গাইড বা কো-গাইড হওয়ার জন্য অত্যাবশ্যকীয়ভাবে কলেজের আরটিএম বিভাগ কর্তৃক আয়োজিত "TOT on Research Methodology" ওয়ার্কশপ সম্পন্ন করতে হবে।

৩) ক্লিনিক্যাল বিষয়সমূহে এফসিপিএস বা এমডি/এমএস ডিগ্রিধারী সহকারী অধ্যাপকগণ এবং বেসিক মেডিকেল সায়েন্সেস ও প্যারা-ক্লিনিক্যাল বিষয়সমূহে এফসিপিএস, এমডি, এমফিল ও এমপিএইচ ডিগ্রিধারী সহকারী অধ্যাপকগণ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে গাইড ও কো-গাইড হতে পারবেনঃ

ক) সহকারি অধ্যাপক হিসেবে ০৩ বছরের চাকরির অভিজ্ঞতা।
খ) বিএমডিসি বা সমমানের প্রতিষ্ঠান কর্তৃক স্বীকৃত ০৩টি পাবলিকেশন।
গ) বিসিপিএস-এর আরটিএম বিভাগে সহকারী অধ্যাপকগণ-কে বাধ্যতামূলকভাবে গাইড হিসেবে অন্তর্ভূক্ত হওয়া।

এতদ্সংক্রান্ত পূর্বের নীতিমালা অপরিবর্তিত থাকবে। এ নীতিমালা অনতিবিলম্বে কার্যকর হবে।

**(অধ্যাপক কোহিনুর বেগম)**
সচিব (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো ঃ-**

১. জ্যেষ্ঠ সহ-সভাপতি এবং চেয়ারম্যান, পরীক্ষা কমিটি, বিসিপিএস;
২. অনারারি পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, বিসিপিএস;
৩. অনারারি পরিচালক, আরটিএম বিভাগ, বিসিপিএস;
৪. অনারারি পরিচালক, মেডিকেল এডুকেশন বিভাগ, বিসিপিএস;
৫. পরিচালক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বিসিপিএস;
৬. অতিরিক্ত পরিচালক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বিসিপিএস;
৭. প্রিন্সিপাল রিসার্চ অফিসার, আরটিএম বিভাগ, বিসিপিএস;
৮. পিএস টু প্রেসিডেন্ট, বিসিপিএস;
৯. অফিস কপি।

**(অধ্যাপক কোহিনুর বেগম)**
সচিব (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)।